

২৮ এপ্রিল ২০১৬ পর্যন্ত
বাণিজ্য মন্ত্রণালয়াদিহন জাতীয় ভোজা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি

জরিমানা আদায় ১২.৫৫ কোটি টাকা

জাতীয় ভোজা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক ৬ এপ্রিল ২০১০ তারিখে বাজার তদারকির মাধ্যমে আনুষ্ঠানিকভাবে ভোজা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়ন শুরু করা হয়। ২০১১ সাল পর্যন্ত জনবল স্বল্পতার কারণে খুব সীমিত পর্যায়ে বাজার অভিযানমূলক কার্যক্রম অব্যাহত থাকে। পরবর্তিতে ক্রমান্বয়ে জনবল বৃদ্ধির প্রেক্ষাপটে এ কার্যক্রম জোরদার হতে থাকে। বর্তমানে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ এলাকায় বাজার তদারকি কার্যক্রম অব্যাহত আছে। ২৮-০৪-২০১৬ তারিখ পর্যন্ত ৬০,১১০ টিরও অধিক বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠানে তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়েছে। ভোজা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর বিভিন্ন ধারায় দোষি সাব্যস্ত করে ১৬,৩০২টি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে মোট ১২,৫৫,৪১,৯৫০/- (বার কোটি পঞ্চাশ লক্ষ একচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে। তন্মধ্যে ২৭৫ জন অভিযোগকারীকে জরিমানার ২৫ শতাংশ হিসেবে মোট ৫,৬৪,৫০০/- (পাঁচ লক্ষ চৌষষ্টি হাজার পাঁচশত) টাকা প্রদান করার পর অবশিষ্ট ১২,৪৯,৭৭,৪৫০/- (বার কোটি উনপঞ্চাশ লক্ষ সাতাত্তর হাজার চারশত পঞ্চাশ) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। উক্ত জরিমানার বিস্তারিত তথ্য নিম্নে প্রদান করা হলো :

ধারা	অপরাধের বর্ণনা	জরিমানাকৃত বাণিজ্যিক প্রতিষ্ঠানের সংখ্যা	জরিমানার পরিমাণ (টাকায়)
১	২	৩	৪
৩৭-৪০	মোড়কের গায়ে সংশ্লিষ্ট পণ্যের খুচরা বিক্রয়মূল্য, উৎপাদনের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ, ইত্যাদি লেখা না থাকা, পণ্য ও সেবা মূল্যের তালিকা প্রদর্শন না করা, নির্ধারিত মূল্যের অধিক মূল্য দাবি করা	৬,৭০৪	৩,৮১,৩৯,৯০০/-
৪১-৪৫	ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, ক্ষতিকারক রাসায়নিক দ্রব্য মিশ্রিত পণ্য বিক্রয়, অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা	৭,০৬০	৬,৮২,০৮,৩০০/-
৪৬-৪৯	ওজনে, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে, পরিমাপে, দৈর্ঘ্য পরিমাপক ফিতা বা অন্য কিছুতে কারচুপি করা	৯৩৪	৩৬,৯১,৭০০/-
৫০-৫৫	পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় করা, সেবাহিতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারি কার্য করা, অবহেলা দ্বারা সেবাহিতার অর্থ, স্বাস্থ্য, ইত্যাদির হানি ঘটানো	২,৬৫৩	১,৫৫,০২,০৫০/-
মোট :			১২,৫৫,৪১,৯৫০/- (বার কোটি পঞ্চাশ লক্ষ একচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা

উল্লেখ্য, একই দোকানে/প্রতিষ্ঠানে একাধিকবার এবং একাধিক ধারায় জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(মোঃ আবুল হোসেন মিঞা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)